# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৬৯

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ কুর‘আন পাঠের নিয়ত অনুসারে একদল ব্যক্তির মর্যাদা সমুন্নত হয়, আরেক শ্রেণির মানুষের মর্যাদা অবনমিত হয়

## ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْقُرْآنَ يَرْتَفِعُ بِهِ أَقْوَامٌ ويتَّضِعُ بِهِ آخَرُونَ عَلَى حَسَبِ نِيَّاتِهِمْ فِي قراءتهم

আরবী

769 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا ابْنُ أَبِي السَّرِيِّ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ قَالَ أَخْبَرَنَا مَعْمَرٌ عَنِ الزُّهْرِيِّ قَالَ: أَخْبَرَنِي أَبُو الطُّفَيْلِ عَامِرُ بْنُ وَاثِلَةَ أَنَّ نَافِعَ بْنَ عَبْدِ الْحَارِثِ تَلَقَّى عُمَرَ بْنَ الْخَطَّابِ إِلَى عُسْفَانَ وَكَانَ نَافِعٌ عَامِلًا لِعُمَرَ عَلَى مَكَّةَ فَقَالَ عُمَرُ: مَنِ اسْتَخْلَفْتَ عَلَى أَهْلِ الْوَادِي يَعْنِي أَهْلَ مَكَّةَ؟ قَالَ: ابْنَ أَبْزَى قَالَ: وَمَنِ ابْنُ أَبْزَى؟ قَالَ: رَجُلٌ مِنَ الْمَوَالِي قَالَ عُمَرُ: اسْتَخْلَفْتَ عَلَيْهِمْ مَوْلًى؟! فَقَالَ لَهُ: إِنَّهُ قَارِئٌ لِكِتَابِ اللَّهِ فَقَالَ: أَمَا إِنَّ نَبِيَّكُمْ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (إِنَّ اللَّهَ لَيَرْفَعُ بِهَذَا الْقُرْآنِ أَقْوَامًا ويضع به آخرين)
الراوي : أَبُو الطُّفَيْلِ عَامِرُ بْنُ وَاثِلَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 769 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৭৬৯. আবু তুফাইল ‘আমির বিন ওয়াসিলাহ থেকে বর্ণিত, তিনি বলেন, “নাফি‘ বিন আব্দুর রহমান ‘উসফান নামক জায়গায় উমার বিন খাত্তাব রাদ্বিয়াল্লাহু তা‘আলা আনহুর সাথে সাক্ষাৎ করেন। নাফি‘ উমার রাদ্বিয়াল্লাহু তা‘আলা আনহু কর্তৃক মক্কার গভর্ণর ছিলেন। ফলে উমার রাদ্বিয়াল্লাহু তা‘আলা আনহু তাঁকে জিজ্ঞেস করেন, “উপত্যকার অধিবাসী তথা মক্কাবাসীদের জন্য আপনি কাকে স্থলাভিষিক্ত করে এসেছেন?” জবাবে তিনি বলেন, “একজন আজাদকৃত গোলামকে।” উমার রাদ্বিয়াল্লাহু তা‘আলা আনহু বলেন, “আপনি তাদের জন্য একজন আজাদকৃত গোলামকে স্থলাভিষিক্ত করে এসেছেন?” জবাবে তিনি বলেন, “তিনি কুর‘আনের একজন ক্বারী।” তখন উমার রাদ্বিয়াল্লাহু তা‘আলা আনহু বলেন, “নিশ্চয়ই আপনাদের নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম

বলেছেন, “নিশ্চয়ই আল্লাহ এই কুর‘আনের মাধ্যমে একদল লোকের মর্যাদা সমুন্নত করেন আর এর মাধ্যমে আরেক দল লোকের মর্যাদা অবনমিত করেন!”[1]

## ফুটনোট

[1] নাসাঈ: ৮/১২৪; মুসনাদ আহমাদ: ৪/৩৯৭; আবু দাঊদ: ৪৮২৯; সহীহ মুসলিম: ৮১৭; ইবনু মাজাহ: ২১৮; দারেমী: ২/৪৪৩; বাগাবী, শারহুস সুন্নাহ: ১১৮৪।

আল্লামা শুআইব আল আরনাঊত হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ২২৩৯।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবুত্ব তুফায়ল (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89272

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন